



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd



ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় মোট ১২৯.৯০১ কিলোমিটার (উড়াল ৬৮.৭২৯ কিলোমিটার এবং পাতাল ৬১.১৭২ কিলোমিটার) দীর্ঘ ও ১০৫টি স্টেশন (উড়াল ৫২টি এবং পাতাল ৫৩টি) বিশিষ্ট একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিম্নোক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে।

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০

ক্রম	এমআরটি লাইনের নাম	পর্যায়	সম্ভাব্য সমাপ্তির সাল	ধরণ
১.	এমআরটি লাইন-৬	প্রথম	২০২৪	উড়াল
২.	এমআরটি লাইন-১	দ্বিতীয়	২০২৬	উড়াল ও পাতাল
৩.	এমআরটি লাইন-৫: নর্দার্ন রুট		২০২৮	
৪.	এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	তৃতীয়	২০৩০	
৫.	এমআরটি লাইন-২			
৬.	এমআরটি লাইন-৪			উড়াল

এই সময়াবদ্ধ কর্মপরিকল্পনা অনুসরণে ২০.১০ কিলোমিটার দীর্ঘ বাংলাদেশের প্রথম উড়াল মেট্রোরেল বা MRT Line-6 এর নির্মাণ কাজ early commissioning এর লক্ষ্যমাত্রা অর্জনে পুরোদমে এগিয়ে চলছে। ২০২৬ সালের মধ্যে কমলাপুর থেকে বিমানবন্দর পর্যন্ত ১৯.৮৭২ কিলোমিটার পাতাল এবং নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো পর্যন্ত ১১.৩৬৯ কিলোমিটার উড়াল মোট ৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ ও ২১টি স্টেশন বিশিষ্ট MRT Line-1 নির্মাণের লক্ষ্যে Detailed Design, ভূমি অধিগ্রহণ এবং দরপত্র প্রক্রিয়াকরণ কার্যক্রম চলমান আছে। **কমলাপুর থেকে বিমানবন্দর রুটেই বাংলাদেশে প্রথম পাতাল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে।** ২০২৮ সালের মধ্যে উড়াল ও পাতাল মেট্রোরেলের সমন্বয়ে ২০ কিলোমিটার দীর্ঘ MRT Line-5: Northern Route-এর বিভিন্ন Survey, Detailed Design ও ভূমি অধিগ্রহণের কাজ চলছে। ২০৩০ সালের মধ্যে উড়াল ও পাতাল মেট্রোরেলের সমন্বয়ে ১৭.৪০ কিলোমিটার দীর্ঘ MRT Line-5: Southern Route নির্মাণের লক্ষ্যে Feasibility Study, বিভিন্ন সার্ভে ও Basic Design এর কাজ চলছে। একই সময়ের মধ্যে G2G ভিত্তিতে PPP পদ্ধতিতে MRT Line-2 নির্মাণের লক্ষ্যে Preliminary Study চলমান আছে। ২০৩০ সালের মধ্যে কমলাপুর থেকে নারায়ণগঞ্জ পর্যন্ত রেলওয়ে ট্র্যাকের পার্শ্ব দিয়ে প্রায় ১৬ কিলোমিটার দীর্ঘ উড়াল মেট্রোরেল হিসেবে MRT Line-4 নির্মাণের উদ্যোগ প্রক্রিয়াধীন আছে।

MRT Line-1 বা বাংলাদেশের প্রথম Underground বা পাতাল মেট্রোরেল

৩১.২৪১ কিলোমিটার দীর্ঘ MRT Line-1 দুটি অংশে বিভক্ত। অংশ দুটি হল: **বিমানবন্দর রুট** (বিমানবন্দর থেকে কমলাপুর) এবং **পূর্বাচল রুট** (নতুন বাজার থেকে পিতলগঞ্জ ডিপো)। বিমানবন্দর রুটের মোট দৈর্ঘ্য ১৯.৮৭২ কিলোমিটার এবং মোট পাতাল স্টেশন সংখ্যা ১২টি। এ রুটেই বাংলাদেশে প্রথম পাতাল বা আন্ডারগ্রাউন্ড মেট্রোরেল নির্মিত হতে যাচ্ছে। পূর্বাচল রুটের মোট দৈর্ঘ্য ১১.৩৬৯ কিলোমিটার। সম্পূর্ণ অংশ উড়াল এবং মোট স্টেশন সংখ্যা ৯টি। তন্মধ্যে ৭টি স্টেশন হবে উড়াল। নতুন বাজার ও যমুনা ফিউচার পার্ক স্টেশনদ্বয় বিমানবন্দর রুটের অংশ হিসেবে পাতাল নির্মিত হবে। নতুন বাজার স্টেশনে Inter-change থাকবে। এ Inter-change ব্যবহার করে বিমানবন্দর রুট থেকে পূর্বাচল রুটে এবং পূর্বাচল রুট থেকে বিমানবন্দর রুটে যাওয়া যাবে। উভয় রুটের সকল বিস্তারিত

Study, Survey ও Basic Design সম্পন্ন হয়েছে। বর্তমানে Detailed Design এর কাজ চলমান। Detailed Design এর অগ্রগতি ৮৫%। নির্মাণ কাজের দরপত্র দলিল প্রস্তুতের কাজ চলছে। নির্মাণ কাজের দরপত্র দলিল প্রস্তুতের অগ্রগতি ৮২%। MRT Line-1 এর ডিপো ও ডিপো এক্সেস করিডোর নির্মাণের নিমিত্ত নারায়ণগঞ্জ জেলার রূপগঞ্জ উপজেলার পিতলগঞ্জ ও ব্রাহ্মণখালী মৌজায় ৯২.৯৭২৫ একর জমি অধিগ্রহণের নিমিত্ত যৌথ তদন্ত কার্যক্রম সমাপ্ত হয়েছে। ৭ ধারার নোটিশ জারী করা হয়েছে। রোয়েদাদ প্রণয়নের কার্যক্রম চলমান আছে। ভূমি অধিগ্রহণ কার্যক্রমের অগ্রগতি ৮২%। নির্মাণকাজ তত্ত্বাবধানের জন্য পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের নিমিত্ত Expression of Interest (EOI) গত ১৫ ফেব্রুয়ারি ২০২১ তারিখে আহ্বান করা হয়। EOI মূল্যায়নপূর্বক সংক্ষিপ্ত তালিকায় অন্তর্ভুক্ত আবেদনকারীদের বরাবর গত ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখ Request for Proposal (RFP) প্রেরণ করা হয়েছে। RFP দাখিলের সর্বশেষ তারিখ ৩০ নভেম্বর ২০২১। পিতলগঞ্জ ডিপোর ভূমি উন্নয়নের নিমিত্ত গত ১০ জুন ২০২১ তারিখ দরপত্র আহ্বান করা হয় এবং ০৬ অক্টোবর ২০২১ তারিখ দরপত্র উন্মুক্ত করা হয়েছে। বর্তমানে দরপত্র মূল্যায়নের কার্যক্রম চলমান আছে। গত ১৬ আগস্ট ২০২১ তারিখ প্রকল্পের প্যাকেজ CP-05 ও CP-06, গত ৩১ আগস্ট ২০২১ তারিখ প্যাকেজ CP-04 এবং গত ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখ প্যাকেজ CP-12 এর প্রাক-যোগ্যতার দলিলাদি (Prequalification Documents) JICA'র সম্মতির জন্য প্রেরণ করা হয়েছে।